

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৪২.৯৯.০৪২.২৪


তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : “ভূমি রাজস্ব মামলা ব্যবস্থাপনা সিস্টেম” বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নাগরিকের ভোগান্তি দূর করতে এবং সরকারি সম্পত্তি রক্ষা করতে ভূমি মন্ত্রণালয় “ভূমি রাজস্ব মামলা ব্যবস্থাপনা সিস্টেম” (www.case.land.gov.bd) চালু করেছে। এই সিস্টেমের মাধ্যমে অনলাইনে রাজস্ব বিবিধ মামলা, রিভিউ মামলা, রিভিশন মামলা এবং রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তি করা সম্ভব হবে।

০২। তিন পার্বত্য জেলা ব্যতীত ৬১টি জেলায় ০১/০৮/২০২৪ তারিখ হতে নতুন রাজস্ব মামলা (নামজারি মামলা ব্যতীত) গ্রহণ ও পরিচালনা এবং দেওয়ানি আদালতের মামলা সংশ্লিষ্ট প্রতিবেদন/এসএফ/দফাওয়ারী জবাব প্রস্তুত ও প্রেরণ/দাখিল এবং সরকারের পক্ষে মামলা দায়ের সম্পর্কিত সকল কার্যক্রম “ভূমি রাজস্ব মামলা ব্যবস্থাপনা সিস্টেমে” সম্পন্ন করতে হবে। চলমান ও নিষ্পত্তিকৃত সকল রাজস্ব মামলা (নামজারি মামলা ব্যতীত) এবং সরকারের পক্ষে দায়েরকৃত ও সরকারকে বিবাদী করে দায়েরকৃত সকল দেওয়ানি আদালতের চলমান মামলার নথি আপলোডের কার্যক্রম অব্যাহত থাকবে।

০৩। এ বিষয়ে বিজ্ঞ জিপিসহ জেলা বারকে অবহিত করে “ভূমি রাজস্ব মামলা ব্যবস্থাপনা সিস্টেম” সফলভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মাৎ মমতাজ বেগম)
যুগ্মসচিব
ফোন: +৮৮০২৫৫১০০১২৫
ইমেইল: law1@minland.gov.bd

০১। বিভাগীয় কমিশনার (সকল)।

০২। জেলা প্রশাসক (সকল)।


নম্বর: ৩১.০০.০০০০.০৪২.৯৯.০৪২.২৪

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৫। মহাপরিচাল, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৬। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। যুগ্মসচিব (আইন অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

- ১১। অটোমেটেড ল্যান্ড এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট সিস্টেম (এলামস) এর সকল স্পেশালিস্ট এবং কনসালটেন্টগণ, ভূমি মন্ত্রণালয়।
- ১২। সহকারী কমিশনার (ভূমি) (সকল)।
- ১৩। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি), লিঃ।
- ১৫। অফিস কপি।


(মোহাম্মাৎ মমতাজ বেগম)
যুগ্মসচিব